

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
যোগাযোগ মন্ত্রণালয়
সড়ক বিভাগ
রক্ষণাবেক্ষণ অধিশাখা

নং ৩৫.০১৫.০১৬.০০.০০.০০১.২০১১(অংশ-১)-১৪৫

তারিখ : ২৫.০৪.২০১২ খ্রিস্টাব্দ

অফিস আদেশ

বর্তমান ২০১১-২০১২ অর্থবছরে সড়ক ও জনপথ অধিদপ্তরের অনুন্নয়ন রাজস্ব বাজেটে সড়ক, সেতু ও মহাসড়ক কোডে (কোড নং-৪৯৩৬) ৬৯০ কোটি টাকা বরাদ্দ করা হয়েছে। বরাদ্দকৃত অর্থ হতে বর্তমান অর্থবছরে (২০১১-২০১২) কার্যাদেশ প্রদত্ত ও সম্পাদিত কাজের বিল পরিশোধ করতে হবে। এ অর্থ হতে কোনভাবেই অনুচ্ছেদ-২ এর ব্যতিক্রম ছাড়া পূর্ববর্তী কোন অর্থবছরে কার্যাদেশ প্রদত্ত ও সম্পাদিত কাজের বিল পরিশোধ করা যাবে না।


২। পিএমপি (সড়ক) ও পিএমপি (সেতু) উপখাতে ২০১০-২০১১ অর্থবছরে যে সকল কার্যাদেশ প্রদান করা হয়েছে এবং ঠিকাদারের সাথে সম্পাদিত মূল চুক্তি অনুযায়ী কাজসমূহ বর্তমান অর্থবছরে (২০১১-২০১২) সমাপ্তির জন্য নির্ধারিত আছে সে সকল কাজের বিলও ২০১১-২০১২ অর্থবছরের বরাদ্দকৃত অর্থ হতে পরিশোধ করা যাবে।

৩। বর্তমান অর্থবছরের বরাদ্দকৃত অর্থ হতে উপরোক্ত নির্দেশনার ব্যত্যয় ঘটিয়ে কোন বিল পরিশোধ করা হলে উহার দায়-দায়িত্ব ব্যক্তিগতভাবে বিল প্রদানকারী কর্মকর্তার উপর বর্তাবে।

৪। চলমান অর্থবছরে (২০১১-২০১২) উপরোক্ত নির্দেশনা অনুসরণে বিল পরিশোধের পর কোন অর্থ অব্যয়িত থাকলে তা তাৎক্ষণিকভাবে সড়ক বিভাগকে অবহিত করতে হবে এবং সড়ক বিভাগের সম্মতি নিয়ে পরবর্তী পদক্ষেপ গ্রহণ করতে হবে।

৫। এ বিভাগ হতে ১৩.০৩.২০১২ তারিখে ৩৫.০১৫.০১৬.০০.০০.০০১.২০১১(অংশ-১)-৩৫ সংখ্যক স্মারকের মাধ্যমে জারীকৃত এ সংক্রান্ত অফিস আদেশটি এতদ্বারা প্রতিস্থাপন করা হল।

৬। জনস্বার্থে জারীকৃত এ আদেশ আদেশ অবিলম্বে কার্যকর হবে।


(মোঃ দেলোয়ার হোসেন)
উপ-সচিব
ফোন : ৯৫১৪০৭৫।

বিতরণ :

(ক) কার্যার্থে :

- ১। প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, সড়ক ভবন, রমনা, ঢাকা।
- ২। অতিরিক্ত প্রধান প্রকৌশলী (সকল জোন), সড়ক ও জনপথ অধিদপ্তর (.....)।
- ৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সকল সার্কেল), সড়ক ও জনপথ অধিদপ্তর (.....)।
- ৪। নির্বাহী প্রকৌশলী (সকল সড়ক বিভাগ), সড়ক ও জনপথ অধিদপ্তর (.....)।
- ৫। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, যোগাযোগ মন্ত্রণালয়, সিজিএ ভবন, সেগুনবাগিচা ঢাকা।

(খ) জ্ঞাতার্থে :

- ১। যুগ্ম-প্রধান, সড়ক বিভাগ, যোগাযোগ মন্ত্রণালয়।
- ২। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, যোগাযোগ মন্ত্রণালয়।
- ৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, সড়ক বিভাগ, যোগাযোগ মন্ত্রণালয়।
- ৪। সিস্টেম এনালিস্ট, সড়ক বিভাগ (অফিস আদেশটি সড়ক বিভাগের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)।
- ৫। অতিরিক্ত সচিব (উন্নয়ন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, সড়ক বিভাগ।
- ৬। যুগ্মপ্রধান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, সড়ক বিভাগ।